দৈনিক ইত্তেফাক

তারিখ ...2-4 APR-199...
পৃষ্ঠা... ২ ...কলাম...

208

# ঢাকা পলিটেকনিকে বিক্ষোভ ॥ অপহৃত ছাত্রের প্রত্যাবর্তন

(ইত্তেফাক রিপোর্ট)

ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউটের ছাত্রলীগ শাখার যুগ্ম আহ্বায়ক মফিজুল ইসলাম মফিজকে অপহরণের প্রতিবাদে গতকাল (১০ম পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## ঢাকা পলিটেকনিক

(১ম পৃঃ পর)

(মঙ্গলবার) ছাত্রলীগ কর্মীরা ইনষ্টিটিউটের সামনের সড়কে ব্যারিকেড দেয় এবং গাড়ী ভাংচুর করে। বেলা ১টা পর্যন্ত এই সড়কে স্বাভাবিক যানবাহন চলাচল বিঘ্নিত হয়। শরীফ হত্যার অন্যতম সাক্ষী মফিজকে গত সোমবার একদল যুবক তাহার চোখ বাঁধিয়া মাইক্রোবাসে অপহরণ করিয়া লইয়া যায়। শারীরিক নির্যাতনের পর এবং মামলায় সাক্ষী না দেওয়ার অঙ্গীকার আদায় করিয়া অজ্ঞাত পরিচয় যুবকরা মফিজকে গতকাল সায়েদাবাদ এলাকায় ফেলিয়া যায়। মফিজ অপহরণের প্রতিবাদে ছাত্ররা বিক্ষোভ শুরু করিলে ঘটনাস্থলে পুলিশ যায়। ছাত্ররা পুলিশের প্রতিও ইটপাটকেল নিক্ষেপ করে। বেলা সাড়ে ১২ টায় অপহৃত মফিজ ইনষ্টিটিউট প্রাঙ্গনে ফিরিয়া আসিলে পরিস্থিতি শান্ত হয়।

পুলিশ মফিজকে লইয়া চীফ মেট্রোপলিটান ম্যাজিষ্ট্রেটের কোর্টে যায় এবং ম্যাজিষ্ট্রেট তাহার জবানবন্দী রেকর্ড করেন। তাহার অপহরণের বিরুদ্ধে তেজগাঁও থানায় একটি মামলা দায়ের করা হইয়াছে বলিয়া জানা যায়।

STATISTICS

3. SYSTEM

SHEET — OF — SHEETS